

**এই প্রচারাভিযানটি MT5 অ্যাকাউন্ট ব্যতীত অন্যান্য অ্যাকাউন্ট যেমন মার্কিন ডলার, মার্কিন সেন্ট বা স্ট্যান্ডার্ড ইউরো, ইউরো সেন্ট অ্যাকাউন্টের ক্ষেত্রে প্রযোজ্য, যে অ্যাকাউন্টগুলো ১৫/০৬/২০১৩ তারিখ থেকে খোলা হয়েছে। প্রচারাভিযানের জন্য নিবন্ধিত অ্যাকাউন্টগুলোর সর্বোচ্চ লিভারেজ ১:২০০ এবং স্টপ আউট লেভেল ১০০%।**

1. প্রতিটি গ্রাহক তার ইন্সটাফরেক্স ট্রেডিং অ্যাকাউন্টে ৫৫% বোনাস গ্রহণ করতে পারে। ৫৫% বোনাস শুধুমাত্র প্রতিযোগিতার নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদান করা হবে, নির্দিষ্ট সময়ের এক সপ্তাহ অতিক্রম হলে বোনাস বাতিল করা হবে। বোনাস শুধুমাত্র সেই সব অ্যাকাউন্টে প্রদান করা হবে যে সকল অ্যাকাউন্ট বোনাসের জন্য আবেদন করেছে।
2. অ্যাকাউন্টে অন্য কোন বোনাস গ্রহণ করে থাকলে ৫৫% বোনাস গ্রহণ করা যাবে না। ৫৫% গ্রহণ করতে, গ্রাহকের একটি নতুন অ্যাকাউন্ট খুলতে হবে এবং বর্তমান চুক্তির শর্তাবলী গ্রহণ করতে হবে। গ্রাহকগণ যে কোন সংখ্যক অ্যাকাউন্টে ৫৫% বোনাস গ্রহণ করতে পারবে।
3. প্রতিবার অর্থ জমাদানে গ্রাহকগণ ৫৫% বোনাস গ্রহণ করতে পারে। এই বোনাস অর্থ জমা এবং উত্তোলনের পার্থক্যের ভিত্তিতে প্রদান করা হবে।
4. ট্রেডিং অ্যাকাউন্টের আমানত ফ্রি মার্জিনের অতিরিক্ত ৫৫% হলেই কেবল বোনাস তহবিল উত্তোলন করা যাবে, এ বিষয়ে গ্রাহকগণ সম্মত থাকবে। বোনাস বাতিল বন্ধ করতে আপনার তহবিল থেকে যে কোন পরিমাণ বোনাস উত্তোলনের আবেদন করা বন্ধ করুন এবং বোনাস তহবিল ফ্রি মার্জিনের ৫৫% অতিক্রম করলেই কেবল বোনাস উত্তোলনের জন্য আবেদন করুন।
5. ৫৫% বোনাসের জন্য অনুরোধ করলে পরিচয় সম্পর্কিত তথ্যের প্রয়োজন হবে না। কিন্তু কোম্পানি যে কোন সময় পরিচয় সম্পর্কিত তথ্যের জন্য অনুরোধ করতে পারে।
6. শুধুমাত্র বাই এবং সেল ট্রেড সম্পন্ন হলেই কেবল ৫৫% বোনাস উত্তোলন করা যাবে। ইন্সটাফরেক্স লট  $X*6$  এর সমপরিমাণ লেনদেন করতে হবে, যেখানে  $X$  – মোট বোনাস গ্রহণের পরিমাণ। RUR অ্যাকাউন্টের ক্ষেত্রে ট্রেড এর পরিমাণ নিম্নলিখিত ফর্মুলা অনুযায়ী গণনা করা হয়, সূত্রটি হল:  $X*5*1,4$  (ইন্সটাফরেক্স লট)। EUR অ্যাকাউন্টের ক্ষেত্রে, সূত্রটি হল:  $X*5*1,4$  (ইন্সটাফরেক্স লট)। সম্পূর্ণ বোনাস একসাথে তুলতে হয়, বোনাসের কিছু অংশ করে তোলা যায় না। একটি ট্রেডিং অ্যাকাউন্ট থেকে বোনাস উত্তোলন করতে, গ্রাহকের নিম্নলিখিত ঠিকানায় [bonuses@instaforex.com](mailto:bonuses@instaforex.com) মেইল করতে হয়। ম্যানেজারের সম্মতিতেই কেবল ট্রেডিং অ্যাকাউন্ট থেকে সম্পূর্ণ বোনাস উত্তোলন করা যাবে। ম্যানেজার যে কোন বোনাস বাতিল করতে পারে।
7. কোম্পানি কোন পূর্ব বিজ্ঞপ্তি ছাড়াই ৫৫% বোনাস বাতিল করতে পারে, সেজন্য আমরা আপনার নিজস্ব ট্রেডিং কৌশল অনুযায়ী বোনাস তহবিল গঠন করার পরামর্শ দেই। বোনাস বাতিলের জন্য কোম্পানি দায়বদ্ধ নয়। এর মধ্যে স্টপ আউটও অন্তর্ভুক্ত কারণ বোনাস কোম্পানির সম্পত্তি, বর্তমান চুক্তির ধারা ৬ অনুযায়ী নির্দিষ্ট পরিমাণ লেনদেন সম্পন্ন করেই কেবল গ্রাহকগণ বোনাস গ্রহণ করতে পারে। \*
8. চুক্তির সকল শর্তাবলী মেনে চললে বোনাস থেকে প্রাপ্ত মুনাফা কোন সীমাবদ্ধতা ছাড়াই উত্তোলন করা যাবে, অনুচ্ছেদ ৯ এ উল্লেখিত বিষয়বস্তু ব্যতীত।
9. গ্রাহকগণ সম্মত থাকবে যে, বোনাস প্রোগ্রামের যে কোন শর্তাবলী ভঙ্গ হলে, যেমন মুনাফা আমানতের দ্বিগুণ হলে, কোম্পানি যে কোন বোনাস বাতিল করতে পারে এবং বোনাস থেকে প্রাপ্ত মুনাফা পরিবর্তন করতে পারে। এই অনুচ্ছেদ অনুযায়ী গ্রাহকগণ সম্ভাব্য ঝুঁকি সম্পর্কে সচেতন থাকবে।
10. যদি বোনাসের পরিমাণ \$2,000 এর বেশি হয় এবং 10% ট্রেড 0.01 মার্কেট লটের সমান হয় (0.1 ইন্সটাফরেক্স লট, উদাহারন সরুপঃ 1পিপ প্রায় \$0.10), সেক্ষেত্রে বোনাস কমিয়ে \$1,000 করা হবে। যদি বোনাস \$10,000 এর বেশি হয় এবং 10% ট্রেড 0.1 মার্কেট

লটের কম হয় ( ১ ইন্সটাফরেক্স লট, উদাহারন সরুপঃ ১পিপ প্রায় \$1 এর সমান), সেক্ষেত্রে বোনাস কমিয়ে \$3,000 করা হয়।

**11.** কোম্পানি পূর্ব বিজ্ঞপ্তি ছাড়াই প্রচারাভিযান সম্পর্কিত যে কোন শর্তাবলী পরিবর্তন করতে পারে।

---

\* বোনাস ব্যবস্থার প্রতারণামূলক ব্যবহার প্রতিরোধে ধারা ৭ নির্ধারণ করা হয়েছে, কিন্তু এর মানে এই নয় যে পূর্বে একবার বোনাস প্রাপ্তির জন্য কোম্পানি বোনাস বাতিল করেছে অথবা বোনাস বাতিলকৃত অ্যাকাউন্ট কোম্পানির শর্তাবলী ভঙ্গ করেছে কারণ কিছু ক্ষেত্রে বোনাস বাতিলের সঠিক কারণ নির্ধারণ করা কঠিন হয়। প্রতারণামূলক ব্যবহারের কারণে বোনাস বাতিল হওয়ার সংখ্যা ১০% এর কম।